

## ইউসুফদিয়া এ,এ,এবং এন ইউ উচ্চ বিদ্যালয়

ডাকঘরঃ তুগোদিয়া উপজেলাঃ সালথা জেলাঃ ফরিদপুর।  
বিদ্যালয় কোডঃ ৫২১০, EINN 108865, থানা কোডঃ ২১৬

স্মারক নং : ই,উ,বি/সা/ফ/২০১৯-২০/০৮ (১৬)

তারিখঃ ২৬/০৮/২০১৯ খ্রিঃ

প্রকাশ্যে নিলাম বিজ্ঞপ্তি নং- ০১/২০১৯-২০২০ খ্রিঃ

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সালথা উপজেলার অন্তর্গত ইউসুফদিয়া এ.এ.এবং এন. ইউ উচ্চ বিদ্যালয়ের পাকা ওয়াল বিশিষ্ট টিনসেড পুরাতন ভবন আগামী ০৪/০৯/২০১৯ খ্রিঃ তারিখে বিকাল ০৪:০০ ঘটিকার সময় নিলাম ডাক অত্র বিদ্যালয়ের অফিস কক্ষে অনুষ্ঠিত হবে। ইচ্ছুক ব্যক্তি বা প্রতিষ্ঠানকে নিম্নলিখিত শর্তে নিলাম ডাকে অংশ গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য যে, নিলামকৃত ভবন সরেজমিনে পরিদর্শন বা নিলাম ডাক সম্পর্কিত যে কোন তথ্য অফিস চলাকালীন সময়ে অত্র বিদ্যালয়ের অফিস কক্ষে হতে জানা যাবে।

শর্তাবলী :

১. নিলাম ডাকে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি/প্রতিষ্ঠানকে ৫০০০/- (পাঁচ হাজার) টাকার ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার নিলাম ডাক বাবদ ইউসুফদিয়া এ.এ.এবং এন. ইউ উচ্চ বিদ্যালয়ে অনুকূলে জমা দিয়ে নিলাম ডাকে অংশগ্রহণ করতে হবে।
২. সর্বোচ্চ নিলাম ডাক কারীকে ডাকের সমুদয় টাকা (১০০%) কর্তৃপক্ষের নিকট নিলাম প্রাপ্তির ০৭ (সাত) কার্য দিবসের মধ্যে নির্ধারিত ভাট আইটি সহ জমা দিতে হবে।
৩. নিলাম ডাকের পর ডাকের টাকা পরিশোধ সাপেক্ষে কার্যাদেশ দেওয়া হবে।
৪. কার্যাদেশ প্রাপ্তির ০৭ (সাত) দিনের মধ্যে নিলাম ডাককৃত ভবনের সমুদয় মালামাল নিজ দায়িত্বে ও নিজ খরচে অপসারণ করতে হবে।
৫. নিলাম ডাককৃত ভবন অপসারণের সময় বিদ্যালয়ের অন্য কোন ভবনের বা বিদ্যালয়ের স্থায়ী কোন সম্পত্তির কোন প্রকার ক্ষতি হলে নিলাম ডাক গ্রহণকারী কে ১৫ (পনের) দিনের মধ্যে ক্ষতিপূরণ দিতে হবে।
৬. ব্যাংক ড্রাফট/ পে-অর্ডারের টাকা নিলাম ডাকের টাকার সাথে সমন্বয় করা হবে।
৭. নিলাম ডাকে অংশকারীদের (ডাক গ্রহণকারী ব্যতিত) ব্যাংক ড্রাফট/ পে-অর্ডারের টাকা ১৫ (পনের) দিন পর ফেরত দেওয়া হবে।
৮. কোন কারণে সর্বোচ্চ দর দাতা ব্যর্থ হলে পর্যায়ক্রমে পরবর্তী সর্বোচ্চ দর দাতা নিলাম ডাক প্রাপ্ত হবেন।
৯. নিলাম ডাক ব্যতিল কিংবা গ্রহণ করার ক্ষমতা কর্তৃপক্ষ বিনা শর্তে সংরক্ষণ করবেন।

(মোহাম্মদ হাসিব সরকার)

উপজেলা নির্বাহী অফিসার,  
সালথা, ফরিদপুর।

ও

সভাপতি  
বিদ্যালয়ের পাকা টিন সেড ঘর বিক্রয়ের নিলাম কমিটি  
ইউসুফদিয়া এ,এ,এবং এন ইউ উচ্চ বিদ্যালয়  
সালথা, ফরিদপুর।

তারিখঃ ২৬/০৮/২০১৯ খ্রিঃ

স্মারক নং : ই,উ,বি/সা/ফ/২০১৯-২০/০৮ (১০)

অনুলিপি সদয় অবগতি / প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলো। ( জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১. জেলা প্রশাসক, ফরিদপুর।
২. নির্বাহী প্রকৌশলী, শিক্ষা অধিদপ্তর, ফরিদপুর।
৩. উপজেলা নির্বাহী অফিসার, সালথা, ফরিদপুর।
৪. জেলা শিক্ষা অফিসার, ফরিদপুর।
৫. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সালথা, ফরিদপুর

ব্যাপক প্রচারের জন্য :

১০৬.সহকারী প্রোগ্রামার, সালথা, ফরিদপুর। ( নোটিশ বোর্ড ও সরকারী ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহ)

০৭.ইউপি চেয়ারম্যান..... (সকল), সালথা, ফরিদপুর। ( নোটিশ বোর্ড ও সরকারী ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহ)

০৮.সভাপ্রতি প্রেস ক্লাব, সালথা, ফরিদপুর।

০৯.বিদ্যালয়ের নোটিশ বোর্ড।

১০. অফিস কপি।

(মোঃ শাহাজাম)

সদস্য সচিব

বিদ্যালয়ের পাকা টিন সেড ঘর বিক্রয়ের নিলাম কমিটি

ও

প্রধান শিক্ষক

ইউসুফদিয়া এ,এ,এবং এন ইউ উচ্চ বিদ্যালয়  
সালথা, ফরিদপুর।